

## বিশ্ব হেপাটাইটিস দিবস ২০১৭ উপলক্ষে র্যালি, সেমিনার অনুষ্ঠিত

আজ ২৯ জুলাই ২০১৭ইং তারিখ, শনিবার, সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বটতলা থেকে বিশ্ব হেপাটাইটিস দিবস ২০১৭ উপলক্ষে একটি র্যালি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিতে নেতৃত্ব দেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। র্যালিটি ক্যাম্পাসের বিভিন্ন অংশ প্রদক্ষিণ করে ঢাকা বিশ্ববিদ্যালয় হয়ে জাতীয় প্রেসক্লাবে গিয়ে শেষ হয়। এবারে দিবসটির প্রতিপাদ্য হলো “ **ELIMINATE HEPATITIS** (এলিমিনেট) বা ২০৩০ সালের মধ্যে বিশ্বে ভাইরাসজনিত লিভার রোগ নির্মূল।” র্যালিতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. প্রজেশ কুমার রায়, অধ্যাপক ডা. এ এস এম এ রায়হান, সহযোগী অধ্যাপক ডা. চঞ্চল কুমার ঘোষ প্রমুখ উপস্থিত ছিলেন। এতে সম্মানিত ডীনবন্দ, বিভাগীয় চেয়ারম্যানবন্দ, শিক্ষক, ছাত্রছাত্রী, চিকিৎসক, কর্মকর্তা, নার্স ও কর্মচারীবন্দ অংশগ্রহণ করেন। পরে দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের এ ব্লকের অডিটোরিয়ামে বাংলাদেশ গ্যাস্ট্রোএন্টারোলজি সোসাইটির উদ্যোগে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। গুরুত্বপূর্ণ এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। সেমিনারে “আপডেট অন ম্যানেজমেন্ট অফ ক্রনিক হেপাটাইটিস সি” শীর্ষক তথ্য সমৃদ্ধ, বিজ্ঞানসন্মত, সুন্দর প্রবন্ধ উপস্থাপনের জন্য মাননীয় উপাচার্য কর্তৃক পুরস্কৃত হন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. চঞ্চল কুমার ঘোষ।

